কালের কণ্ঠ

তারিখ 26 SEP 2017 পৃষ্ঠা ১৯ কলাম ২

### রাবির ভর্তি পরীক্ষা

# প্রতি আসনে লড়বে ৬৮ জন ভর্তীচ্ছু

**নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ও বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** ▷

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক সম্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় এবার প্রতি আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করবে ৬৮ জন ভর্তীচ্ছু শিক্ষার্থী। ৯টি অনুষদে ৫৯টি বিভাগে কোটাসহ মোট চার হাজার ৬৩৬টি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছে তিন লাখ ১৬ হাজার ১২০ জন, যা গতবারের তুলনায় প্রায় দ্বিগুণ। আগামী ২২ থেকে ২৬ অক্টোবর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মোট আসনের মধ্যে প্রায় ৪১৭টি আসন মুক্তিযোদ্ধা, পোষ্য কোটা (শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের সন্তান), ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী ও বিকেএসপিদের জন্য সংরক্ষিত। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক প্রভাষ কুমার কর্মকার এ তথ্য জানান।

অধ্যাপক প্রভাষ কুমার জানান, 'এ' ইউনিটের (কলা অনুষদ) ৯৪১টি আসনের বিপরীতে ৩৩ হাজার ৬৮০ জন, 'বি' ইউনিটের (আইন অনুষদ) ১৬০টি আসনের বিপরীতে ৩১ হাজার ৮৬৯, 'সি' ইউনিটে (বিজ্ঞান অনুষদ) ৬৬০টি আসনের বিপরীতে ৪৯ হাজার ১৭৪, 'ডি' ইউনিটে (বিজনেস স্টাডিজ অনুষদ) ৪৭০টি আসনের বিপরীতে ২২ হাজার ৫২৬, 'ই' ইউনিটে (সামাজিক বিজ্ঞান অনুষদ) ৭৪৮টি আসনের বিপরীতে ৪১ হাজার ২৩২, 'এফ' ইউনিটে (জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ) ৪৩৬টি আসনের বিপরীতে ৩৯ হাজার ৯৩৪, 'জি' ইউনিটে (কৃষি অনুষদ) ২১২টি আসনের বিপরীতে ২৮ হাজার ৭৮৩, 'এইচ' ইউনিটে (প্রকৌশল অনুষদ) ২৭২টি আসনের বিপরীতে ৩৯ হাজার ৬২৬, 'আই' ইউনিটের (চারুকলা অনুষদ) ১২০টি আসনের বিপরীতে চার হাজার ৩২, 'জে' ইউনিটে (ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট) ৫০টি আসনের বিপরীতে ১৩ হাজার ৬৪২ এবং 'কে' ইউনিটে (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট) ৫০টি আসনের বিপরীতে ১১ হাজার ৬২২ প্রার্থী সফলভাবে আবেদন করেছে।

গত ১০ সেপ্টেম্বর থেকে আবেদনপ্রক্রিয়া শুরু হয়ে চলে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত। এ বছর পুনরায় দ্বিতীয়বার পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চালু, ভর্তি যোগ্যতা শিথিল ও মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা চালু করায় আবেদনকারী বেড়েছে বলে বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর